চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণী:	শিক্ষার্থীগণ	জারি হয়েছে: ৭/২২/১১	নম্বর:	**A-832**
বিষয়:	শিক্ষার্থী দ্বারা শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থা		পৃষ্ঠা:	১ মোট ১

পরিবর্তনগুলির সারসংক্ষেপ

চ্যান্সেলরের প্রবিধান A-832 সেপ্টেম্বর ৩, ২০০৮ তারিখের প্রবিধানটির বদলে করা হয়েছে। এটি শিক্ষার্থী দ্বারা শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থার অভিযোগগুলি জমা দেওয়া, অনুসন্ধান এবং নিষ্পত্তির একটি প্রণালী স্থাপনা করে।

পরিবর্তনগুলি

- পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থায় ওজনের ভিত্তিতে কিছু শিক্ষার্থীর অন্য শিক্ষার্থীদের উপর করা ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত করা(পৃষ্ঠা ১, বিভাগ ১ (এ) এবং (বি))

- পক্ষপাত-ভিত্তিক হয়রানিতে অন্তর্ভুক্ত সেই হয়রানি যা কোন শিক্ষার্থীর মানসিক, মনস্তাত্বিক বা শারীরিক ভালো থাকার উপর ভালোভাবে হস্তক্ষেপ করে (পৃষ্ঠা ১, বিভাগ ১ (সি))

- যে কর্মীদের সদস্যরা পক্ষপাত-ভিত্তিক হয়রানির প্রতিবেদন পেতে নির্দিষ্ট তারা এই বিষয়ে স্কুলের একটি সম্পদ হয়ে কাজ করেন (যাদের আরএফএ লিয়াঁসো বলে) এবং তারা শিক্ষার্থী এবং কর্মীদের থেকে প্রতিবেদন গ্রহণ করতে পারেন। (পৃষ্ঠা ২, বিভাগ ২ (এ))

- পিতামাতারা প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যালের নির্দিষ্ট করা ব্যক্তিদের কাছে বা RespectforAll@schools.nyc.gov–তে ইমেইল করে পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থার বিষয়ে জানাতে পারেন। এই ধরণের প্রতিবেদনগুলির প্রণালীগুলি অনুযায়ী মোকাবিলা করতে হবে। (পৃষ্ঠা ২, বিভাগ ২ (ই))

- যেখানে প্রিন্সিপ্যাল/নির্দিষ্ট ব্যক্তি বিশ্বাস করেন যে অভিযোগ করা পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থায় অপরাধমূলক আচরণ করা হয়েছে, তিনি আইনি পরিষেবার দপ্তর এবং/বা সিএফএন নেটওয়ার্কের নেতার সাথে যোগাযোগ করতে পারেন। (পৃষ্ঠা ২, বিভাগ ২ (এফ))

- পক্ষপাত-ভিত্তিক হয়রানির অভিযোগের স্কুলের প্রতিবেদনের একটি অনুলিপি অবশ্যই সিএফএন নেটওয়ার্কের নেতার কাছে পাঠাতে হবে। (পৃষ্ঠা ৩, বিভাগ ৩ (ই))

- প্রত্যেক প্রিন্সিপ্যাল/নির্দিষ্ট ব্যক্তিকে নিশ্চিত করতে হবে যে এই প্রবিধানে অন্তর্ভুক্ত নীতি ও প্রণালীগুলি প্রত্যেক বছরে অক্টোবর ৩১ তারিখের মধ্যে শিক্ষার্থী ও কর্মীদের সাথে আলোচনা করা হবে। (পৃষ্ঠা ৪, বিভাগ ৫ (সি))

- প্রত্যেক স্কুলকে অক্টোবর ৩১ তারিখের মধ্যে তাদের বার্ষিক সামগ্রিক স্কুল ও যুব বিকাশ পরিকল্পনাতে নিম্নলিখিত তথ্য জমা দিতে হবে: (১) আরএফএ লিয়াঁসোর(দের) নাম; (২) প্রত্যয়ন যে অন্তত একজন আরএফএ স্কুল বর্ষের মধ্যে জাতি, বর্ণ, জাত, জাতিগত উৎস, দেশীয় উৎস, নাগরিকত্ব/অভিবাসনের পরিস্থিতি, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচিতি, লিঙ্গ পরিভাষা, যৌন প্রবণতা, অক্ষমতা এবং ওজনের বিষয়ে মানব সম্পর্কের বিষয়ে ওএসওয়াইডি প্রশিক্ষণে পূর্বেই উপস্থিত থেকেছেন বা ভবিষ্যতে থাকবেন।(৩) প্রত্যয়ন যে এই প্রবিধানের নীতি ও প্রণালীগুলি শিক্ষার্থী এবং কর্মীদের সদস্যদের সাথে আলোচনা করা হয়েছে; এবং (৪) পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থায় প্রতিরোধ ও মোকাবিলা করার একটি পরিকল্পনা (পৃষ্ঠা ৫, বিভাগ ৬)

- প্রবিধানের নিম্নলিখিত সংযুক্তিগুলির সংশোধন করা হয়েছে যাতে পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থায় "ওজন" একটি নিষিদ্ধ ভিত্তি হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে: পক্ষপাত-ভিত্তিক হয়রানি, উৎপীড়ন এবং/বা হেনস্থার সংক্ষিপ্তসার (সংযুক্তি নম্বর ১); অভিযোগের ফর্ম (সংযুক্তি নম্বর ২); সকলের জন্য সম্মান পোস্টার (সংযুক্তি নম্বর ৩); এবং সকলের জন্য সম্মান ব্রোশার (সংযুক্তি নম্বর ৪)।